গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
(সাধারণ শাখা)
www.noakhali.gov.bd

# জেলা উন্নয়ন সমন্বয় কমিটির আগস্ট, ২০১৯ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | তন্ময় দাস<br>জেলা প্রশাসক, নোয়াখালী |
| তারিখ | : | ১৮ আগস্ট, ২০১৯ |
| সময় | : | বেলা ১১:০০ টা |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সভাকক্ষ |
| উপস্থিতি সংক্রান্ত | : | উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক, অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'খ' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০১৯ যথাযোগ্য মর্যাদায় পালন করার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, ১৫ আগস্টের শোককে শক্তিতে পরিণত করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে হবে। তিনি আরো বলেন, সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডে সকলের সদিচ্ছা, সম্পদের সর্বোচ্চ সুষ্ঠু ব্যবহার ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে কাজ করলে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ, ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়া সম্ভব।

অতঃপর জেলার বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় এবং উন্নয়ন কর্মকান্ড সংশ্লিষ্ট বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

বিগত ১৮ আগস্ট, ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী যথাযথভাবে লিখিত হয়েছে মর্মে উপস্থিত সকলে একমত পোষণ করায় তা দৃঢ়করণ করা হয়। ।

| ক্র: নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. | **জেলা পরিষদ :**<br>ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী জানান, ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি (সাধারণ বরাদ্দ) বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ৬,০০,০০,০০০/- (ছয় কোটি) টাকা এবং এডিপি বিশেষ বরাদ্দ ১,০৬,০০,০০০/- টাকাসহ সর্বমোট ৭,০৬,০০,০০০/-টাকা বরাদ্দের বিপরীতে ৫৯৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন ৫০% এর নীচে ২২১টি এবং ৫০% এর উপরে ৩৬৫টি ।<br>খ) ২০১৮-২০১৯ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় ৩,৩২,৫০,০০০/- (তিন কোটি বত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বিপরীতে ১৭৫ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন ৫০% এর নীচে ৬৪টি এবং ৫০% এর উপরে ১০৩ টি । এছাড়া ২০১৮-২০১৯ অর্থ বছরের কিছু প্রকল্প অসমাপ্ত রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>গ) সভাপতি বলেন, জেলা পরিষদের মালিকানাধীন জমি পানি নিস্কাশনের ব্যবস্থা রেখে লিজ দেয়ার বিষয়ে সভা আলোচনা করেন। | (ক)+(খ) ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি ও রাজস্ব তহবিলের আওতায় গৃহীত অসমাপ্ত প্রকল্পসমূহের কাজ বিধি মোতাবেক দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) জেলা পরিষদের মালিকানাধীন জমি পানি নিস্কাশনের ব্যবস্থা রেখে লিজ দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী |
| ০২. | **স্থানীয় সরকার :**<br>ক) উপ-পরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী জানান, প্রতি মাসে পরিদর্শন ছক মোতাবেক ইউনিয়ন পরিষদসমূহ পরিদর্শন অব্যাহত আছে।<br>খ) গ্রাম আদালত শক্তিশালীকরণে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। গ্রাম আদালতের মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে দিক নির্দেশনা প্রদান করা হচ্ছে।<br>গ) সভাপতি বলেন, উপজেলা পর্যায়ে LGSP (Local Governance Support Project) এবং জাইকার বরাদ্দ পাওয়া যায়। জাইকার বরাদ্দ থেকে শিশু মৃত্যুর হার রোধ এবং জনগণের চাহিদা অনুযায়ী প্রকল্প গ্রহণ করার বিষয়ে আলোচনা করেন। | ক) ইউনিয়ন পরিষদসমূহ পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>খ) উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক গ্রাম আদালত এর পেন্ডিং মামলাসমূহ নিষ্পত্তিকরণের বিষয়ে তদারকি অব্যাহত রাখতে এবং LGSP (Local Governance Support Project) প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।<br>গ) জাইকার বরাদ্দ থেকে শিশু মৃত্যুর হার রোধ এবং জনগণের চাহিদা অনুযায়ী প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নে: ক) উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী |

| ক্র: নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| | | খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী |
| ০৩ | **তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল:**<br>সভাপতি বলেন , বিভিন্ন মাধ্যমে ম্যাসেজ আসছে ঈদের আগের দিন ও ঈদের পরে দিন কোন ডাক্তার হাসপাতালে ছিল না। একজন প্যারামেডিকস দিয়ে রোগীদের সেবা প্রদান করা হয়েছে। এতে রোগীদের ভোগান্তি বেড়েছে। এমন পরিস্থিত কাম্য ছিল না মর্মে অভিমত ব্যক্ত করা হয়। সিভিল সার্জন, নোয়াখালীকে বিষয়টি খতিয়ে দেখার জন্য অনুরোধ করা হয়। | এমন পরিস্থিতির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: (১) সিভিল সার্জন, নোয়াখালী<br>(২) তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, নোয়াখালী |
| ০৪ | **সিভিল সার্জন কার্যালয় :**<br>বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ে কাজের গতিশীলতা আনয়নের লক্ষ্যে পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি, কমিউনিটি ক্লিনিকগুলোর কার্যক্রম আরো বেগবান করার বিষয়ে আলোচনা করা হয়। | এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>আগামী মাসে কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম বাস্তবায়ন আরো বেগবান করার জন্য একটি সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নে: সিভিল সার্জন, নোয়াখালী |
| ০৫ | **জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় :**<br>উপপরিচালক, পরিবার পরিকল্পনা, নোয়াখালী জানান, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কল্যাণ কেন্দ্রসহ জেলা সদরের মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ২৪/৭ নিরাপদ প্রসব সেবা চলমান রয়েছে। পরিবার পরিকল্পনা বিভাগ কর্তৃক জুলাই/১৯ মাসে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ৫৪৫ জন প্রসব হয়েছে । জেলায় মোট সক্ষম দম্পতি ৫৮২৮১৫ জন, স্থায়ী পদ্ধতি অর্জন (পুরুষ+মহিলা) ১৫০ জন, আইইউডি ৫২০ জন, ইমপ্লান্ট ৯৫৩ জন।<br>সভাপতি, প্রভাতী স্কুলের দক্ষিণ পাশে একটি মা ও শিশু কল্যাণ কেন্দ্র রয়েছে, উক্ত মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি ভিজিট করার জন্য তাকে অনুরোধ করা হয়। | সেবা প্রদানকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কার্যক্রম পরিচালনা করতে হবে<br>প্রভাতী স্কুলের দক্ষিণ পাশে একটি মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি ভিজিট করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, নোয়াখালী |
| ০৬ | **গণপূর্ত :**<br>ক) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, নোয়াখালী জানান, প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে মোট ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নোয়াখালী জেলা সদরে নির্মাণ কাজে ১ম ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। কাজের অগ্রগতি ৩৬%।<br>নোয়াখালী সদর উপজেলা মডেল মসজিদের বেইজ এর মাটি কাটার কাজ চলিতেছে, তবে বর্তমানে সাইট পানিতে নিমজ্জিত।<br>সুবর্ণচর উপজেলা মডেল মসজিদের বেইজ ও শর্ট কলাম ঢালাইয়ের কাজ চলিতেছে, কাজের অগ্রগতি ১৫%<br>কোম্পানীগঞ্জ উপজেলা মডেল মসজিদের বেইজ ও শর্ট কলাম ঢালাইয়ের কাজ চলিতেছে, কাজের অগ্রগতি ১০%<br>সোনাইমুড়ী উপজেলা মডেল মসজিদের টেস্ট পাইল ঢালাই সম্পন্ন হয়েছে।<br>হাতিয়া, চাটখিল, বেগমগঞ্জ, সেনবাগ, কবিরহাট উপজেলার নির্মাণ কাজে পুন:দরপত্র আহবান প্রক্রিয়াধীন।<br>দেশের ১৫৬টি গুরুত্বপূর্ণ উপজেলা সদরে/ স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ প্রকল্পের আওতায় নোয়াখালী জেলার কবিরহাট উপজেলায় সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ কাজের অগ্রগতি ৩০%। অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ের পূর্বেই শেষ হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | (ক)+ (খ) গুণগতমান অক্ষুন্ন রেখে চলমান প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>গ) জেলা ও দায়রা জজ মহোদয়ের এর আবাসিক ভবন কনডেম ঘোষণার পরও ভাড়া প্রদান করেন কিনা তা |

| | | |
|---|---|---|
| | খ) হাতিয়া উপজেলার সাগরিয়া পুলিশ ফাঁড়িতে টাইপ-২ অনুযায়ী ৬-তলা ভিত বিশিষ্ট ৩-তলা ফাঁড়ি ভবন নির্মাণ এর টাইলস ও থাই এর কাজ চলমান আছে, অগ্রগতি ৯০%। নির্ধারিত সময়ের পূর্বেই নির্মাণ কাজ শেষ হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>গ) সভাপতি বলেন, জেলা ও দায়রা জজ মহোদয়ের এর আবাসিক ভবন কনডেম ঘোষণার পরও ভাড়া প্রদান করেন কিনা তা যাচাই করে দেখার জন্য নির্বাহী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>ঘ) সভাপতি, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের চার পাশের ড্রেনসমূহ পরিস্কার ও মেরামত করার বিষয়ে আলোচনা করেন। | যাচাই করে দেখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঘ) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের চার পাশের ড্রেনসমূহ পরিস্কার ও মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, নোয়াখালী |
| ০৭ | **স্থানীয় সরকার প্রকৌশল কার্যালয় :**<br>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নোয়াখালী জানান, ২০০৮-২০০৯ হতে ২০১৮-২০১৯ অর্থ বছরের গ্রামীণ সড়ক মেরামত ও সংরক্ষণ সংক্রান্ত ৭৭৯ টি স্কীমের মধ্যে ৭৬৯টি স্কীম সমাপ্ত হয়েছে। কাজের অগ্রগতি ৯৫%। গ্রাম সড়ক পুনর্বাসন সংক্রান্ত ৬৪টি স্কীমের মধ্যে সমাপ্ত হয়েছে ১৫টি। কাজের অগ্রগতি ৪০%। বৃহত্তর নোয়াখালী পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (জিএনপি-২) সংক্রান্ত ৪৫৬টি স্কীমের মধ্যে সমাপ্ত হয়েছে ৪২০টি। কাজের অগ্রগতি ৯০%। বৃহত্তর নোয়াখালী পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (জিএনপি-৩) এর আওতায় গৃহীত ১৬৪ টি প্রকল্পের মধ্যে ৪৭ টি সমাপ্ত হয়েছে। কাজের অগ্রগতি ৮৫%। আরআরআইডিপি-২ এর আওতায় গৃহীত ২৬৪ টি স্কীমের মধ্যে ২৬১ টি স্কীম সমাপ্ত হয়েছে। কাজের অগ্রগতি ৯৯%। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন এর ৬ টি ভবনের মধ্যে ৪টি ভবন সমাপ্ত হয়েছে। কাজের অগ্রগতি ৭০%। উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ সংক্রান্ত ১৬টি ভবনের মধ্যে ১৩ টি ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। কাজের অগ্রগতি ৮৫%। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প ১৮২ টি প্রকল্পের মধ্যে ১২৫টি প্রকল্প সমাপ্ত হয়েছে। কাজের অগ্রগতি ৬০%।, বন্যা দুর্যোগ ক্ষতিগ্রস্থ অবকাঠামো পুনর্বাসন ২৪ টি প্রকল্প এর মধ্যে ১১ টি প্রকল্প সমাপ্ত হয়েছে। কাজের অগ্রগতি ৬০%। বেগমগঞ্জ উপজেলা শীর্ষক ১২ টি প্রকল্পের মধ্যে ১২ টি প্রকল্প অসমাপ্ত রয়েছে। গৃহীত স্কীমসমূহের সংখ্যা ৩১৫৪টি। ২৮০৭টি স্কীমের কাজ সমাপ্ত হয়েছে এবং ২০৪ টি স্কীমের কাজ অসমাপ্ত। নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত স্কীমসমূহের কাজ সম্পন্ন হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ২০০৮-২০০৯ হতে ২০১৮-২০১৮ অর্থ বছরের গৃহীত ৩১৫৪টি উন্নয়ন প্রকল্পের মধ্যে ২৮০৭ টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে এবং অসমাপ্ত ২০৪টি প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যেই গুণগত মান ঠিক রেখে সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নোয়াখালী |
| ০৮ | **কৃষি সম্প্রসারণ কার্যালয় :**<br>ক) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ কার্যালয়, নোয়াখালী জানান, খরিপ-১/২০১৯-২০ মৌসুমে আউশ আবাদের লক্ষ্যমাত্রা উফশী ৪৪১৮২ হেক্টর, আবাদের অগ্রগতি-৩৬৬৫৭ হেক্টর ।<br>খরিপ-২/২০১৮-২০১৯ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা হাইব্রিড-১৪৬৪৪৬ হেক্টর, উফশী-৩৩৩৫৫হেক্টর।<br>খ) জেলায় বিসিআইসি সার ডিলার নিয়োগের লক্ষ্যমাত্রা-১০০ জন, বিদ্যমান বিসিআইসি সার ডিলারের সংখ্যা ৮২ জন, বিএডিসি সার ডিলার ৬৯ জন এবং খুচরা সার বিক্রেতা নিয়োগের লক্ষ্যমাত্রা ৯০০ জন ও জামানত প্রদানকারী খুচরা সার বিক্রেতার সংখ্যা ৬০৭ জন।<br>গ) সভাপতি, হাইব্রিড ধানের বীজ সংরক্ষণ করে চারা উৎপাদন না করার বিষয়ে ব্যাপক প্রচারের বিষয়ে আলোচনা করেন।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। | ক) কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।<br><br>খ) সার ব্যবস্থাপনার বিষয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে এবং কোন অসাধু ব্যক্তি যেন সারের কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে বিষয়ে নজরদারি বাড়াতে হবে।<br>গ) হাইব্রিড ধানের বীজ সংরক্ষণ করে চারা উৎপাদন না করার বিষয়ে ব্যাপক প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ কার্যালয়, নোয়াখালী ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী। |

| ক্র: নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ০৯ | **সড়ক ও জনপথ, নোয়াখালী জোন :**<br>নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, নোয়াখালী জোন জানান,<br>ক) সোনাপুর (নোয়াখালী)-সোনাগাজী (ফেনী)-জোরারগঞ্জ (চট্টগ্রাম) সড়কের (নোয়াখালী অংশ) ২৮.৮০ কি:মি: প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের ছাড়কৃত বরাদ্দ অনুযায়ী কাজের অগ্রগতি ০%।<br>খ) ফেনী-নোয়াখালী জাতীয় মহাসড়কের বেগমগঞ্জ থেকে সোনাপুর পর্যন্ত ৪-লেনে উন্নীতকরণ ১৩.৩৮ কি:মি: প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের ছাড়কৃত বরাদ্দ অনুযায়ী কাজের অগ্রগতি ০%।<br>গ) কুমিল্লা (টমছম ব্রীজ)–নোয়াখালী (বেগমগঞ্জ) আঞ্চলিক মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ সংক্রান্ত (নোয়াখালী অংশ) ১৪.৯০ কি:মি: প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের ছাড়কৃত বরাদ্দ অনুযায়ী কাজের অগ্রগতি ০%।<br>ঘ) বেগমগঞ্জ, সোনাইমুড়ী–রামগঞ্জ সড়কে ১৯.০০ কি: মি: প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের ছাড়কৃত বরাদ্দ অনুযায়ী কাজের অগ্রগতি ০%।<br>ঙ) সোনাগাজী-ওলামাবাজার-চরদরবেশপুর-কোম্পানীগঞ্জ সড়কে ২০৩ কি: মি: প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের ছাড়কৃত বরাদ্দ অনুযায়ী কাজের অগ্রগতি ০%।<br>চ) মাইজদী-ইসলামিয়া–ওদারহাট-দাসেরহাট-নতুন তেয়ারীগঞ্জ-ভবানীগঞ্জ সড়কে ১৫ কি: মি: প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের ছাড়কৃত বরাদ্দ অনুযায়ী কাজের অগ্রগতি ০%।<br>ছ) সোনাইমুড়ী-সেনবাগ-কল্যান্দি-চন্দেরহাট-বসুরহাট সড়ক উন্নয়ন ৪৩.৪৫২ কি:মি: প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের ছাড়কৃত বরাদ্দ অনুযায়ী কাজের অগ্রগতি ০%।<br>জ) দাগনভূইয়া-তালতলী বাজার-চৌধুরীহাট-বসুরহাট মহাসড়ককে যথাযথ মানে ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (নোয়াখালী অংশ) ১২.৮২১ কি:মি: প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের ছাড়কৃত বরাদ্দ অনুযায়ী কাজের অগ্রগতি ০%।<br>ঝ) ফেনী –নোয়াখালী জাতীয় মহাসড়কের (এন-১০৪) ২-লেন অংশ (মহিপাল হতে চৌমুহনী পূর্ব বাজার পর্যন্ত) ৪-লেনে উন্নীতকরণ ১২.৯৯ কি:মি: প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের ছাড়কৃত বরাদ্দ অনুযায়ী কাজের অগ্রগতি ০%।<br>ঞ) ভূঁঞার হাট থেকে দুধমুখা বাজার পর্যন্ত রাস্তাটি জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন।<br>ট) সভাপতি বলেন, সোনাইমুড়ী- মাইজদী পর্যন্ত ফোর-লেন রাস্তার অধিগ্রহণ সংক্রান্ত সমস্যা নিরসন হয়েছে। তবে মাইজদী-সোনাপুর পর্যন্ত অধিগ্রহণের ক্ষতিপুরণ সংক্রান্ত বিষয়টি এখনো নিরসন হয়নি। বিষয়টি মন্ত্রণালয়কে লিখিতভাবে অবহিত করা হয়েছে। এখনো সিদ্ধান্ত আসে নাই। | উন্নয়ন প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে এবং বিদ্যুৎ বিভাগ, পৌরসভা, পানি উন্নয়ন বোর্ড, সড়ক ও জনপথ বিভাগের সমন্বয়ে ফোরলেন সড়কের উন্নয়ন কাজ করতে হবে।<br><br>বাস্তবায়নে:<br><br>নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, নোয়াখালী জোন |
| ১০ | **জেলা মৎস্য অফিস :**<br>ক) জেলা মৎস্য কর্মকর্তা, নোয়াখালী জানান, নোয়াখালী জেলায় ১৭-২৩ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৯ সফলভাবে উদযাপন করা হয়েছে।<br>২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত মোট ৬৫ দিন সমুদ্রে সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রকার মৎস্য ও ক্রাস্টশিয়ান্স আহরণ বন্ধ কার্যক্রম সমাপ্ত হয়েছে। কার্যক্রম চলাকালীন সময়ে ৫২ টি অভিযান পরিচালনা, ৪৫৫ টি মাছঘাট, ৪০৮ টি আড়ত ও ৩৪৯ টি বাজার পরিদর্শন করা হয়েছে । এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।<br>খ) সভাপতি বলেন, সরকারি পুকুর/জলাশয়ে মাছের পোনা পর্যাপ্ত পরিমানে বিতরণের বিষয়ে আলোচনা করেন। জাটকা অভিযান চলাকালীন সময়ে জেলার অনুকূলে বরাদ্দকৃত খাদ্য সুষম বন্টন নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করেন। | ক) নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br><br>খ) সরকারি পুকুর/জলাশয়ে মাছের পোনা পর্যাপ্ত পরিমানে বিতরণ এবং জাটকা অভিযান চলাকালীন সময়ে জেলার অনুকূলে বরাদ্দকৃত খাদ্য সুষম বন্টন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: জেলা মৎস্য কর্মকর্তা, নোয়াখালী |

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন</th></tr>
<tr><td>১১</td><td>জেলা প্রাথমিক শিক্ষা অফিস :<br>ক) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নোয়াখালী জানান, প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি এবং ঝরে পড়া রোধকল্পে হোম ভিজিট, মা সমাবেশ এবং আকস্মিক পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে।<br>খ) জেলা ও উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিল শতভাগ উন্নীত করার লক্ষ্যে প্রধান শিক্ষকদের সমন্বয় সভা, মা সমাবেশ ও অভিভাবক সভায় জোর তাগিদ দেয়া হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। অন্যান্য সকল কার্যক্রম চলমান।<br>গ) প্রাত্যাহিক সমাবেশ শেষে শিক্ষার্থীরা ১০ মিনিট নিজ বিদ্যালয়ের আঙ্গিনা পরিষ্কার করবে।<br>ঘ)
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>উন্নয়ন প্রকল্পের সংখ্যা</th><th>বরাদ্দের উৎস</th></tr>
<tr><td>নোয়াখালী সদর</td><td>১০ টি</td><td>রাজস্ব ও পিইডিপি-৪</td></tr>
<tr><td>কোম্পানীগঞ্জ</td><td>০৩ টি</td><td>রাজস্ব ও পিইডিপি-৪</td></tr>
<tr><td>হাতিয়া</td><td>১৩ টি</td><td>রাজস্ব ও পিইডিপি-৪</td></tr>
</table></td><td>ক) প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি এবং ঝরে পড়া রোধকল্পে হোম ভিজিট, মা সমাবেশ এবং আকস্মিক পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>খ) বিদ্যালয়সমূহে শতভাগ মিড-ডে মিল উন্নীত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) ডেঙ্গু প্রতিরোধে সকল শিক্ষা প্রতিষ্ঠানে পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রাখতে হবে।<br>ঘ) গৃহীত উন্নয়ন প্রকল্প বিধিমোতাবেক সম্পন্ন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নে: জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নোয়াখালী।</td></tr>
<tr><td>১২</td><td>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন [বিএডিসি] (বীজবিপণন):<br>কর্মকর্তা অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>-</td></tr>
<tr><td>১৩</td><td>বাংলাদেশ টেলিকমিউনিকেশন লিমিটেড [বিটিসিএল]<br>কর্মকর্তা অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>-</td></tr>
<tr><td>১৪</td><td>জেলা বাজার কর্মকর্তার কার্যালয়:<br>জেলা বাজার কর্মকর্তা, পবিত্র ঈদ আযহা উপলক্ষে বাজার ব্যবস্থাপনা স্বাভাবিক ছিল। কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই।<br>সভাপতি জেলা পর্যায়ে সরকারিভাবে চামড়া ক্রয় কেন্দ্র স্থাপনের বিষয়ে একটি প্রস্তাব উথাপন করেন।</td><td>জেলা পর্যায়ে সরকারিভাবে চামড়া ক্রয় কেন্দ্র স্থাপনের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়ন : জেলা বাজার কর্মকর্তা, নোয়াখালী</td></tr>
<tr><td>১৫</td><td>ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি:<br>উপপরিচালক, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে।</td><td></td></tr>
<tr><td>১৬</td><td>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড:<br>নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, নোয়াখালী সভাকে জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম চলমান। শতভাগ বিদ্যুতায়ন প্রকল্পের কাজ দ্রুততার সাথে এগিয়ে যাচ্ছে।</td><td>গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করে সেবাপ্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, নোয়াখালী</td></tr>
<tr><td>১৭</td><td>পল্লী বিদ্যুৎ সমিতি :<br>জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, নোয়াখালী জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে।<br>সভাপতি বলেন, শিল্প কারখানায় বিদ্যুৎ সংযোগ অনুমোদন দেয়া হয় কিনা জানতে হলে তিনি বিদ্যুৎ সংযোগ দেয়া হয় মর্মে সভাকে অবহিত করেন।</td><td>বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে:ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, নোয়াখালী</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ১৮ | **জনস্বাস্থ্য প্রকৌশল কার্যালয়, নোয়াখালী জোন :**<br>ক) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, নোয়াখালী জানান, ২০১৯-২০ অর্থ বছরে পানি সরবরাহে আর্সেনিক ঝুকি নিরসন প্রকল্পের আওতায় ১৯৭০টি গভীর নলকুপের দরপত্র আহবান করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br><br>খ) ২০১৯-২০ অর্থ বছরে ৪টি কমিউনিটি ল্যাট্রিন বরাদ্ধ পাওয়া গিয়াছে এবং দরপত্র আহবান করা হয়েছে।<br>গ) GPS & NNGPS প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয়ে ১০৫টি Combined ওয়াশব্লক নির্মান কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। তাছাড়া GPS & NNGPS প্রকল্পের আওতায় আরো ৮০টি Combined ওয়াশব্লক নির্মান কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। এবং কাজ চলমান আছে। প্রাথমিক বিদ্যালয়ে ১৩৩টি সাবমারসিবল পাম্প যুক্ত গভীর নলকুপ স্থাপন কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং কাজ চলমান।<br><br>ঘ) পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় নোয়াখালী জেলাধীন কোম্পানীগঞ্জ ও হাতিয়া উপজেলায় ২টি পুকুর খনন কাজের বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং কাজ চলমান।<br>ঙ) ৪০টি পৌরসভায় ও গ্রোথ সেন্টারে অবস্থিত পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন (২য় পর্যায়) প্রকল্পের আওতায় পরীক্ষামুলক, উৎপাদক নলকুপ, পাম্প হাউজ, সাবমারসিবল পাম্প, ইলেকট্রিক ট্রান্সফরমার (৫০কেভিএ) এবং বাউন্ডারী ওয়াল নির্মান, আয়রন দূরীকরণ প্লান্ট নির্মান কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং কাজ চলমান।<br><br>চ) নোয়াখালী পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৪টি উৎপাদক নলকুপ, ১টি আয়রন দূরীকরন প্ল্যান্ট, ৩টি ওভারহেড ট্যাংক, ৬০ কিঃমিঃ পাইপ লাইন স্থাপন, ১টি পানি বহনকারী ট্রাক (৩০০০লিঃ), ১টি কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ট্রাক (৩টন ক্ষমতা বিশিষ্ট), ১টি কঠিন বর্জ্য কম্প্যাক্টর (বোম্যাগ ল্যান্ডফিল কম্প্যাক্টর),৯টি কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভ্যান গাড়ী ও অন্যান্য আনুসাংঙ্গিক কাজ। উৎপাদক নলকুপ স্থাপন, ওভারহেড ট্যাংকের কাজ এবং পাইপ লাইন স্থাপন কাজ চলমান রয়েছে।<br><br>ছ) ৩২টি পৌরসভায় পানি সরবরাহ ও মানব বর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্পের আওতায় সোনাইমুড়ি পৌরসভায় ৪টি পরীক্ষা নলকুপ স্থাপন এবং ৩৫০× ১৫০মিঃমিঃ ব্যাসের ২টি উৎপাদক নলকুপের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং কাজ চলমান। তাছাড়া পাইপ লাইন ও রাস্তা মেরামত এবং Street Hydrant at Sonaimuri Pourashava কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে।<br><br>জ) বাংলাদেশের ২৩টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের (জিওবি-আইডিবি) আওতায় চাটখিল ও কোম্পানীগঞ্জ উপজেলায় অফিস ভবন নির্মান কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। চাটখিল ও কোম্পানীগঞ্জ পৌরএলাকায় ৮টি পাবলিক টয়লেট সংস্কার ও উন্নয়ন কাজ সমাপ্ত করা হইয়াছে। ইতিমধ্যে চাটখিল ও কোম্পানীগঞ্জ ড্রেন পুনঃনিমান কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং কাজ চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের কাজ গুণগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করতে হবে এবং অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় পাওয়া গভীর নলকূপগুলো উপজেলা ভিত্তিক বিভাজন পূর্বক দরপত্র আহ্বানের মাধ্যমে দ্রুত স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল কার্যালয়, নোয়াখালী জোন |
| ১৯ | **স্বাস্থ্য প্রকৌশলী বিভাগ (এইচইডি) :**<br>ক) নোয়াখালী জেলার কবিরহাট উপজেলাধীন ইনস্টিটিউট অফ হেলথ টেকনোলজি নিমার্ণ কাজের অগ্রগতি ৪৮%<br>খ) কবিরহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এর অভ্যন্তরে ০৪টি কোয়াটার | চলমান সকল প্রকল্পের অবশিষ্ট কাজ গুণগত মান অক্ষুন্ন রেখে নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল বিভাগ, |

| | | |
|---|---|---|
| | নির্মাণ কাজের অগ্রগতি ৭৫%।<br>গ) কোম্পানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এর পুন: নির্মাণ কাজের অগ্রগতি ৫০%।<br>ঘ) নোয়াখালী জেলার বেগমগঞ্জ ৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণ কাজের অগ্রগতি ৫৭%।<br>ঙ) নোয়াখালী জেলার কবিরহাট উপজেলাধীন ধানসিঁড়ি ইউনিয়নে জগদানন্দ ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু হাসপাতাল নির্মাণ কাজের অগ্রগতি ৯৫%। | নোয়াখালী |
| ২০ | **ইসলামিক ফাউন্ডেশন :**<br>ক) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন জানান, সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে বিভিন্ন উপজেলায় বিভিন্ন মসজিদে আলোচনা অব্যাহত রয়েছে। সন্ত্রাস ও জঙ্গিবাদ নির্মূলসহ সমাজে শান্তি শৃঙ্খলা বজায় রাখা এবং কোন বিশৃঙ্খলা ও অনাকাঙ্খিত পরিস্থিতির সৃষ্টি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য বিভিন্ন ফোরামে আলেম/ইমাম ও ধর্মীয় নেতাগণের সাথে আলোচনা ও জুমার দিন প্রাক-খুৎবায় বক্তব্য রাখার বিষয়ে ইমামগণকে নিদের্শনা প্রদান করা হয়েছে মর্মে তিনি সভাকে জানান।<br>খ) মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম এর আওতায় ৯টি উপজেলায় ৫০৫টি প্রাক-প্রাথমিক, ৭৬৬টি সহজ কুরআন শিক্ষা, ১২টি বয়স্ক শিক্ষা, ১১টি মডেল রিসোর্স সেন্টার ও ২১ টি সাধারণ রিসোর্স সেন্টার এবং ১৮টি দারুল আরকাম এবতেদায়ী মাদ্রাসার কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>গ) ডেঙ্গু বিষয়ে চলমান পরিস্থিতিতে নোয়াখালী জেলার সকল মসজিদে খুৎবার পূর্বে জনসচেতনতামূলক বক্তব্য রাখার জন্য ইমাম সাহেবদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | ক) সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে সভা, সমাবেশ অব্যাহত রাখতে হবে।<br>খ) মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমকে আরো গঠনমূলক ও বেগবান করতে পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে।<br>গ) পরবর্তী নির্দেশনা দেয়া পর্যন্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার (সকল),<br>উপ পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নোয়াখালী |
| ২১ | **জেলা প্রাণিসম্পদ অফিস :**<br>ক) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ প্রজেক্ট (এনএটিপি-২), মহিষ উন্নয়ন প্রকল্প, বীফ ক্যাটেল ডেভেলপমেন্ট প্রকল্প, প্রাণিপুষ্টি উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, ব্রীড আপগ্রেডেশন থ্র প্রজেনী টেস্ট প্রকল্প (৩য় পর্যায়ে), কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রুণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়), সমাজভিত্তিক ও বাণিজ্যিক খামারে দেশী ভেড়ার উন্নয়ন ও সংরক্ষণ প্রকল্প (২য় পর্যায়), ইউএলডিসি প্রকল্প, আইসিবিএ-এআর (ইউএনডিপি) ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রুণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্পের আওতায় ৩৬০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।সমাজভিত্তিক ও বাণিজ্যিক খামারে দেশী ভেড়া উন্নয়ন ও সংরক্ষণ প্রকল্প (২য় পর্যায়ে) সকল উপজেলায় ১৮০ জন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।<br>খ) সভাপতি বলেন, পবিত্র ঈদ-উল-আযহার সময় দেশের বিভিন্ন জেলা থেকে গরু আসায় বিভিন্ন রোগ বালাই হওয়ার সম্ভবনা রয়েছে। রোগবালাই যাতে না ছড়ায় সেজন্য খামারীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের বিষয়ে আলোচন করেন। | প্রাণিসম্পদের উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বিভাগীয় কার্যক্রম যথানিয়মে পরিচালনা করতে হবে।<br>খ) গরু যাতে রোগবালাইতে আক্রান্ত না হয় সেজন্য খামারীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নে: জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নোয়াখালী |
| ২২ | **মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট:**<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, নোয়াখালীর প্রতিনিধি সভাকে জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম পরিচালনা করতে হবে। |

| | | |
|---|---|---|
| | চলমান। | বাস্তবায়নে: উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, নোয়াখালী |

| ক্র: নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ২৩ | **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড :**<br>ক) নোয়াখালী জেলার জলাবদ্ধতা নিরসনকল্পে পানি নিষ্কাশন ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প কাজের আওতায় বাঁধ নির্মাণ, স্লুইচ নির্মাণ, তীর প্রতিরক্ষামূলক কাজ এবং খাল পুন:খনন কাজের অগ্রগতি ৩০%।<br>খ) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নোয়াখালী জানান, নোয়াখালী জেলার হাতিয়া ও সুবর্ণচর উপজেলাধীন স্বর্ণদ্বীপ (জাহাজ্যার চর) মেঘনা নদীর ভাঙ্গন হতে রক্ষাকল্পে নদীর তীর সংরক্ষণ প্রকল্পটি পানি উন্নয়ন বোর্ড ও বাংলাদেশ সেনাবাহিনীর সাথে এমওইউ স্বাক্ষরিত হয়েছে। কাজের অগ্রগ্রতি ১%।<br>গ) জরুরী আপদকালীন কাজ; ঘূর্ণিঝড় ফণি ও তৎপরবর্তী উচ্চ জোয়ারে ক্ষতিগ্রস্ত বেডিবাঁধ এর পিছনে বিকল্প বাঁধ নির্মাণ, জিওব্যাগ দ্বারা অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ এবং হাতিয়া উপজেলার নলের চর, বয়ার চরে ও সুবর্নচর উপজেলায় চর জুবলীতে কাজ চলমান রয়েছে। | ক) প্রতিরক্ষামূলক প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে স্বচ্ছতার সহিত দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) নোয়াখালী জেলার হাতিয়া ও সুবর্ণচর উপজেলাধীন স্বর্ণদ্বীপ (জাহাজ্যার চর) মেঘনা নদীর ভাঙ্গন হতে রক্ষাকল্পে নদীর তীর সংরক্ষণ প্রকল্পটি বাস্তবায়নে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) বিধিমোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নোয়াখালী ও উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট) |
| ২৪ | **শিক্ষা প্রকৌশলীর কার্যালয় :**<br>ক) নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর জানান যে, বর্তমানে ০৯টি প্রকল্পের আওতায় ২৭১টি সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে।<br>খ) চাটখিল ও সোনাইমুড়ী উপজেলায় ৭৯টি সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ৬৫টি ভবন নির্মাণ কাজের অগ্রগতি ৬৯.৮২%।<br>গ) সেনবাগ উপজেলায় ৩১টি সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ২৪টি ভবন নির্মাণ কাজের অগ্রগতি ৫৭.২৯%।<br>ঘ) বেগমগঞ্জ উপজেলায় ৪২টি সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ২৯টি ভবন নির্মাণ কাজের অগ্রগতি ৬৫.০০%।<br>ঙ) সদর ও সুবর্ণচর উপজেলায় ৪১টি সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ৩৫টি ভবন নির্মাণ কাজের অগ্রগতি ৬৫.৪২%।<br>চ) কোম্পানীগঞ্জ ও কবিরহাট উপজেলায় ৪৬টি সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ৩৩ টি ভবন নির্মাণ কাজের অগ্রগতি ৬৩.৪৮%।<br>ঙ) হাতিয়া উপজেলায় ৩২টি সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মাণ কাজ চলমান। তন্মধ্যে ১৫টি ভবন নির্মাণ কাজের অগ্রগতি ৭০.৬৬%। অবশিষ্ট প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্ন হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>চ) সভাপতি শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত যে কোন স্থাপনা তৈরির ক্ষেত্রে উক্ত সম্পত্তির ক্লিয়ারেন্স নেওয়ার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের বিষয়ে আলোচন করেন। | (ক) হতে (ঙ) পর্যন্ত ০৯টি প্রকল্পের আওতায় ২৭১টি সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়ন প্রকল্পসমূহের অবশিষ্ট কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন করতে হবে।<br>চ) যে কোন স্থাপনা তৈরির ক্ষেত্রে উক্ত সম্পত্তির ক্লিয়ারেন্স নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নে: নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নোয়াখালী |

| ক্র: নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
